৪

তারিখ 26 JUL 1996
পৃষ্ঠা ৮ কলাম ৩

দৈনিক সংবাদ

ঢা.বি'র শিক্ষক প্রতিনিধি নির্বাচন

# ১৩টি পদের ১২টি নীল দল জয়ী

( বিশ্ববিদ্যালয় সংবাদদাতা )

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের ৬টি পদে, একাডেমিক পরিষদের ৬টি পদে ও ফিন্যান্স কমিটির ১টি পদে মোট ১৩টি পদের মধ্যে আওয়ামী লীগ সমর্থিত 'নীল' দল ১২টি পদে জয়লাভ করেছে। বিএনপি সমর্থিত 'সাদা' দল জয় লাভ করেছে মাত্র ১টি পদে।

শিক্ষকদের মধ্য থেকে সিন্ডিকেটের ৬টি পদে যারা জয়লাভ করেছেন তারা হলেন; ডীনদের মধ্য থেকে ফার্মেসী অনুষদের ডীন অধ্যাপক আবুল কালাম আজাদ চৌধুরী। তিনি পেয়েছেন ৫০০ ভোট। তার প্রতিদ্বন্দ্বী বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক মোঃ শফি চৌধুরী পেয়েছেন ৩৭৪ ভোট। প্রভোস্টদের মধ্য থেকে ১টি পদে নির্বাচিত হয়েছেন জহুরুল হক হলের প্রভোস্ট অধ্যাপক খন্দকার বজলুল হক। তিনি পেয়েছেন ৪৫৭ ভোট। তার প্রতিদ্বন্দ্বী সূর্যসেন হলের প্রভোস্ট অধ্যাপক আ, ফ, ম ইউসুফ হায়দার পেয়েছেন ৪১৬ ভোট। অধ্যাপকদের মধ্য থেকে ৪৮২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন অর্থনীতি বিভাগের অধ্যাপক এটি এম জহুরুল হক। তার প্রতিদ্বন্দ্বী লোক প্রশাসন বিভাগের অধ্যাপক মোঃ আসাদুজ্জামান পেয়েছেন ৩৯১ ভোট। সহযোগী অধ্যাপকদের মধ্য থেকে ৪৪৮টি ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন রসায়ন বিভাগের ডঃ মোঃ আবদুল আজিজ। তার প্রতিদ্বন্দ্বী ডঃ ইয়ারুল কবীর পেয়েছেন ৪১২ ভোট। সহকারী অধ্যাপকদের মধ্য থেকে মৃত্তিকা বিজ্ঞান বিভাগের ডঃ সহিদ আকতার হুসাইন নির্বাচিত হয়েছেন ৪৮০ ভোট পেয়ে। তার প্রতিদ্বন্দ্বী মার্কেটিং বিভাগের এ, বি, এম শহিদুল ইসলাম পেয়েছেন ৩৭৬ ভোট এবং প্রভাষকদের মধ্য থেকে ৪২৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের এ কে এম গোলাম রব্বানী। তার প্রতিদ্বন্দ্বী পরিসংখ্যান বিভাগের মোঃ লুৎফর রহমান পেয়েছেন ৪২৭ ভোট।

একাডেমিক পরিষদের ৬টি পদের মধ্যে 'নীল' দল জয়লাভ করেছে ৫টি পদে। বাকি ১টি পদে জয় লাভ করেছে 'সাদা দল'।

নীল দলের বিজয়ী প্রার্থীরা হলেন, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ রফিক উল্লাহ খান। ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ সোনিয়া নিশাত আমিন, সমাজ বিজ্ঞান বিভাগের প্রভাষক জিনাত হুদা, প্রাণ রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ডঃ মোঃ আফতাব উদ্দিন এবং আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রভাষক মোঃ নূরুজ্জামান। সাদা দল থেকে একাডেমিক পরিষদের ১টিমাত্র পদে নির্বাচিত হয়েছেন বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ শাহজাহান মিয়া।

ফিন্যান্স কমিটির একমাত্র পদে জয়লাভ করেছেন ব্যবসায় প্রশাসন বিভাগের অধ্যাপক ইফতেখার গনি চৌধুরী, তিনি পেয়েছেন ৪৪৮ ভোট। তার প্রতিদ্বন্দ্বী মার্কেটিং বিভাগের অধ্যাপক ডঃ সৈয়দ রাশিদুল হাসান পেয়েছেন ৩৮৩ ভোট।

গতকাল সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়েরটিএসসিতে। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক শামসুল হকের পরিচালনায় সর্বমোট ৯৮৭ জন ভোটারের মধ্যে ৮৮১ জন ভোটার ভোট দেন।

এ নির্বাচনে নীল দলের বিজয়ের প্রধান কারণ সাদা দলের অন্তর্দ্বন্দ্ব বলেই জানা গেছে। কারণ জামাত ও বিএনপি'র সমন্বয়ে গঠিত সাদা দল। কিন্তু এবারের নির্বাচনে জামাতপন্থী শিক্ষক নেতা আমিনুর রহমানের নেতৃত্বে জামাতের একটি অংশ নীল দলকে সমর্থন দিয়েছেন বলে জানা গেছে। তাছাড়া বামপন্থী বা নিরপেক্ষ বলে পরিচিত 'গোলাপী' দল এবারের নির্বাচনে অংশ নেয়নি। ফলে তাদের সমর্থন বেশিরভাগ পড়েছে নীল দলের পক্ষে। তবে সাদা দলেও গিয়েছে বলে জানা গেছে।